যায়যায়দিন

7-JUL-2008

উচ্চ মাধ্যমিক স্তরে ভর্তির নীতিমালা-২০০৮

# স্বীকৃতি বাতিল করা কলেজে ভর্তি নিষিদ্ধ

সাথীয়া খান

স্বীকৃতি বাতিল করা কলেজগুলোয় শিক্ষার্থী ভর্তি নিষিদ্ধ করেছে সরকার। ২৫ জুন জারি করা উচ্চ মাধ্যমিক স্তরে ভর্তির নীতিমালায় সরকার এ আদেশ দেয়। ভর্তির সময় অতিরিক্ত ফি আদায় না করাসহ বেশকিছু বিষয়ের ওপর গুরুত্বারোপ করা হয়েছে এ নীতিমালায়।

**অনুমতি বা স্বীকৃতি ছাড়া কলেজে শিক্ষার্থী ভর্তি করা যাবে না**

সাধারণত একটি কলেজকে প্রাথমিকভাবে তিন বছরের জন্য পাঠদানের অনুমতি দেয়া হয়। আবার এমন অনেক কলেজ আছে যেগুলোর স্বীকৃতি বিভিন্ন কারণে বাতিল করা হয়েছে। ২০০৮-এর নীতিমালা অনুযায়ী পাঠদানের প্রাথমিক অনুমতিবিহীন বা স্বীকৃতি বাতিল করা কলেজে কোনো অবস্থাতেই শিক্ষার্থী ভর্তি করা যাবে না। অনেক সময় দেখা যায়, পাঠদানের প্রাথমিক অনুমতি পাওয়ার পর বিভিন্ন কলেজ সরকার

পৃ ১৫ ›› কলাম ৫

## স্বীকৃতি বাতিল করা কলেজে ভর্তি

(শেষ পৃষ্ঠার পর)

অননুমোদিত বিষয়ে পাঠদান করছে। এ বিষয়ে নীতিমালায় বলা হয়েছে, পাঠদানের প্রাথমিক অনুমতিপ্রাপ্ত বা স্বীকৃতিপ্রাপ্ত কোনো কলেজে অননুমোদিত শাখা খোলা এবং অননুমোদিত কোনো বিষয়ে শিক্ষার্থী ভর্তি করা যাবে না।

**ভর্তির সময় অতিরিক্ত ফি আদায় করা যাবে না**

একাদশ শ্রেণীসহ বিভিন্ন শ্রেণীতে ভর্তির সময় অতিরিক্ত ফি আদায় করা যাবে না। এমনকি অনুমোদিত সব ফি যথাযথ রসিদ দেয়ার মাধ্যমে গ্রহণেরও নির্দেশ দেয়া হয়েছে। এর আগে ১ এপ্রিলে সরকারের জারি করা এক নীতিমালায় বলা হয়, ভর্তির সময় শিক্ষার্থীদের কাছ থেকে এমপিওভুক্ত কোনো শিক্ষা প্রতিষ্ঠান সবকিছু মিলিয়ে পাঁচ হাজার টাকার বেশি আদায় করতে পারবে না। ঢাকাসহ বিভিন্ন জেলার নামিদামি কলেজে শিক্ষার্থীদের কাছ থেকে ভর্তির সময় অতিরিক্ত অর্থ আদায় করা হয় এমন অভিযোগের সত্যতার পরিপ্রেক্ষিতে সরকার এ সিদ্ধান্ত নিয়েছে বলে শিক্ষা মন্ত্রণালয় সূত্রে জানা গেছে।

**২৫ শতাংশ অপেক্ষমাণ মেধাক্রম প্রকাশ করতে হবে**

সরকারের এ নীতিমালায় বলা হয়েছে, বোর্ড কর্তৃক নির্ধারিত ফিসহ অনুমোদিত অন্যান্য ফি, আসন সংখ্যা, ভর্তির যোগ্যতা ইত্যাদি উল্লেখপূর্বক কলেজ কর্তৃপক্ষ সংশ্লিষ্ট কলেজের নোটিশ বোর্ডসহ যথাযথভাবে প্রচারের মাধ্যমে ভর্তি বিজ্ঞপ্তি এবং নির্ধারিত ফরমে আবেদনের আহ্বান করতে হবে। কলেজের নীতিমালা অনুসারে আসন সংখ্যার সমান ভর্তিযোগ্য প্রার্থীদের একটি মেধাক্রম এবং মোট আসনের ন্যূনতম ২৫ শতাংশ অপেক্ষমাণ মেধাক্রম কলেজের নোটিশ বোর্ডে প্রকাশ করতে হবে।

**প্রবাসীদের সন্তানরা ভর্তিতে বিশেষ সুবিধা পাবে**

প্রবাসীদের সন্তানরা কলেজে ভর্তির ক্ষেত্রে বিশেষ সুবিধা পাবে। দেশের অর্থনীতিতে প্রবাসী বাংলাদেশিদের ভূমিকার কথা বিবেচনা করে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। যেসব শিক্ষার্থীর বাবা অথবা মা বিদেশে থাকেন এবং বৈধভাবে দেশে টাকা পাঠান তারা এ সুবিধা পাবে। একই স্কোরের একাধিক শিক্ষার্থী হলে প্রবাসীদের ছেলেমেয়েদের অগ্রাধিকার দেয়া হবে। তবে এক্ষেত্রে রেমিটার শনাক্তকরণের সপক্ষে প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় থেকে সংগৃহীত সনদপত্র আবেদনের সঙ্গে সংযুক্ত করতে হবে।

**নীতিমালা ভঙ্গ করলে এমপিও বাতিল হবে**

এ নীতিমালা বাস্তবায়নে কোনোরকম ব্যত্যয় ঘটলে বেসরকারি কলেজের ক্ষেত্রে পাঠদানের অনুমতি বা স্বীকৃতি বাতিলসহ এমপিও বাতিল করা হবে এবং সরকারি কলেজের ক্ষেত্রে সংশ্লিষ্ট অধ্যক্ষের বিরুদ্ধে আইনানুযায়ী ব্যবস্থা নেয়া হবে।

**৯ আগস্ট একাদশ শ্রেণীর ক্লাস শুরু**

শিক্ষা মন্ত্রণালয়ের সিদ্ধান্ত অনুযায়ী বিলম্ব ফি ছাড়া ৭ আগস্টের মধ্যে একাদশ শ্রেণীতে ভর্তি কাজ শেষ করতে হবে। তবে বিলম্ব ফিসহ ভর্তির শেষ তারিখ ১৭ আগস্ট। ৯ আগস্ট থেকে ক্লাস শুরু করতে হবে।